গত ০৬-১২-২০১৬খ্রিঃ রোজ- মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগের নভেম্বর/২০১৬খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	ঃ	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম) ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
তারিখ	ঃ	০৬-১২-২০১৬ খ্রিঃ ।
সময়	ঃ	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	ঃ	ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) ঃ

১। জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম, যুগ্ম-পুলিশ কমিশনার (অপরাধ), ডিএমপি, ঢাকা।
২। জনাব মোঃ আলমগীর কবীর, উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ডিএমপি, ঢাকা।
৩। জনাব মাশরুকুর রহমান খালেদ, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
৪। জনাব মোঃ সাজ্জাদুর রহমান, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পশ্চিম) ডিএমপি, ঢাকা।
৫। জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন) ডিএমপি, ঢাকা।
৬। জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ডিএমপি, ঢাকা।
৭। জনাব শাহেন শাহ, সিনিঃ এসি (কোতয়ালী জোন), ডিএমপি, ঢাকা।
৮। জনাব সাত্যকি কবিরাজ ঝুলন, সিনিঃ এসি (তেজগাঁও জোন), ডিএমপি, ঢাকা।
৯। জনাব মোঃ রেজাউর রহমান, সিনিঃ এসি (দক্ষিণখান জোন), ডিএমপি, ঢাকা।
১০। জনাব মোঃ কামরুল ইসলাম, সিনিঃ এসি (শ্যামপুর জোন), ডিএমপি, ঢাকা।
১১। জনাব এস এম তারেক রহমান, সিনিঃ এসি (ডেমরা জোন), ডিএমপি, ঢাকা।
১২। জনাব মোঃ হাফিজ আল ফারুক, সিনিঃ এসি (মোহাম্মদপুর জোন), ডিএমপি, ঢাকা।
১৩। জনাব মোঃ আব্দুল্লাহিল কাফী, সিনিঃ এসি (ধানমন্ডি জোন) ডিএমপি, ঢাকা।
১৪। জনাব এ বি এম জাকির হোসেন, সিনিঃ এসি (পল্লবী জোন), ডিএমপি, ঢাকা।
১৫। জনাব মোঃ কামরুজ্জামান সরদার, এসি (তেজগাঁও শিল্পাঞ্চল জোন), ডিএমপি, ঢাকা।
১৬। জনাব মোঃ ওবায়দুর রহমান, এসি (সবুজবাগ জোন), ডিএমপি, ঢাকা।
১৭। জনাব ইশতিয়াক হাসান আমীন, এসি (অপরাধ), ডিএমপি, ঢাকা।
১৮। জনাব কানিজ ফাতেমা, এসি (চকবাজার জোন), ডিএমপি, ঢাকা।
১৯। জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন), ডিএমপি, ঢাকা।
২০। জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন), ডিএমপি, ঢাকা।
২১। জনাব সালাহ্ উদ্দিন, এসি (লালবাগ জোন), ডিএমপি, ঢাকা।
২২। জনাব ইশতিয়াক আহমেদ, এসি (অপরাধ-২), ডিএমপি, ঢাকা।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। রমনা মডেল থানার মামলা নং-৩০ তারিখ-১৬/১১/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে এ/সি জোন জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে নিজ বাসায় অজ্ঞাতনামা আসামী কর্তৃক ধারালো বটি দ্বারা কুপিয়ে হত্যার ঘটনা। মামলা তদন্তে উল্লেখযোগ্য অগ্রগতি নাই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলাটি ডিবি-দক্ষিণ বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। কামরাঙ্গীরচর থানার মামলা নং-২৫ তারিখ-১৪/১১/১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি পাওণা টাকার জের ধরে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত এজাহারনামীয় একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিমের ময়নাতদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) সহকারী পুলিশ কমিশনার (জোন) কে মামলাটির তদন্তভার গ্রহনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। বংশাল থানার মামলা নং-৫ তারিখ-০৬/১১/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, পারিবারিক দ্বন্দ্বের কারণে স্বামী কর্তৃক স্ত্রীকে বটি দিয়ে গলা কেটে হত্যার ঘটনা। অত্র মামলার ঘটনায় মূল আসামী ঘাতক স্বামী সহ ০২ জনকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। পল্লবী থানার মামলা নং-৫১ তারিখ-১৭/১১/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, মামলাটি তদন্ত শেষে চূড়ান্ত রিপোর্ট দাখিল করা হয়েছে।

৫। পল্লবী থানার মামলা নং-৭৮ তারিখ-২৫/১১/১৬ খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি ছেলে ও তার বন্ধু কর্তৃক মা'কে হত্যার ঘটনা। ছেলেকে সহ এজাহারনামীয় ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। ভাষাণটেক থানার মামলা নং-০৪ তারিখ-১১/১১/১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪/১১৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিম একজন মাদকসেবী ও ছিচকে চোর। ঘটনার দিন নির্মানাধীন ভবনে মোবাইল ফোন চুরি করে পালানোর সময় লেবারদের গনপিটুনীতে আহত হয়ে হাসপাতালে মারা যায়। ঘটনার সহিত জড়িত ০৬ জন আসামীকে গ্রেফতার করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। শেরেবাংলানগর থানার মামলা নং-১৩ তাং-২১/১১/১৬ খ্রিঃ ধারা-৩৬৪/৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিম প্রথমে নিখোঁজ হয় এবং পরবর্তীতে মানিকগঞ্জ জেলার বানিয়াজুড়ি শ্মশানঘাট নামক স্থানে লাশ পাওয়া যায়। মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নাই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলা তদন্তে ডিবির সহায়তা গ্রহনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। বিমান বন্দর থানার মামলা নং-১০ তাং-০৭/১১/১৬ খ্রিঃ ধারা-৪৪৮/১৮৬/৩৩২/৩৩৩/৩৫৩/৩০২/৩০৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি শাহজালাল আন্তঃ **বিমান বন্দর গেটে** মাদকসেবী কর্তৃক ছুরিকাঘাত করে কর্তব্যরত আনসার সদস্যকে হত্যার ঘটনা। একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। দক্ষিণখান থানার মামলা নং-৩০ তাং-২৯/১১/১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘাতক স্বামীকে গ্রেফতার করা যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলা তদন্তে সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগের সহায়তা গ্রহনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। রামপুরা থানার মামলা নং-১৫ তাং-১৫/১১/১৬খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি অজ্ঞাতনামা ডাকাত কর্তৃক বাসায় ঢুকে ডাকাতি ও গুলির ঘটনা। ঘটনায় জড়িত ২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ঘটনায় জড়িত ৪/৫ জনের নাম পাওয়া গেছে । ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ৫০০০ টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। শাহজাহানপুর থানার মামলা নং-১১ তাং-১৭/১১/১৬খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি অজ্ঞাতনামা ডাকাত কর্তৃক বাসায় ঢুকে ডাকাতির ঘটনা। ঘটনায় জড়িত ০৫ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। লুণ্ঠিত মোবাইল, ক্যামেরা ও ডাকাতির ঘটনায় ব্যবহৃত ০২টি চাপাতি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। সবুজবাগ থানার মামলা নং-৩৩ তাং-১৮/১১/১৬খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা ০৮জন আসামী কর্তৃক কভার্ডভ্যান ডাকাতির ঘটনা। ঘটনায় জড়িত ০৬ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। লুন্ঠিত কভার্ডভ্যান সহ মালামাল ও ডাকাতির ঘটনায় ব্যবহৃত মাইক্রোবাস উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৩। রমনা মডেল থানার মামলা নং- ০৮ তাং-০৩/১১/১৬খ্রিঃ ধারা- ৩৯২/৪১১ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি মটরসাইকেল আরোহী আসামী কর্তৃক ছিনতাইয়ের ঘটনা। ০১ জন আসামী হাতে-নাতে ধৃত হয় ও ছিনতাইকৃত ব্যাগ উদ্ধার হয়। তদন্তকালে আরো ০২জন গ্রেফতার হয় ও ছিনতাইয়ের ঘটনায় ব্যবহৃত মটরসাইকেল উদ্ধার করা হয়েছে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৪। ধানমন্ডি মডেল থানার মামলা নং- ১৮ তাং-২৮/১১/১৬খ্রিঃ ধারা- ৩৯২/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, মটরসাইকেল আরোহী আসামী কর্তৃক ছিনতাইয়ের ঘটনা। ০১ জন আসামী হাতে-নাতে ধৃত হয়।

সিদ্ধান্ত ঃ (১) পলাতক আসামী গ্রেফতারপূর্বক মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৫। শাহবাগ থানার মামলা নং- ৪৩ তাং-২৪/১১/১৬খ্রিঃ ধারা- ৩৯২ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর তদন্ত জানান যে, অত্র মামলাটি পুলিশ সদস্য (ট্রাফিক কং) কর্তৃক ছিনতাইয়ের ঘটনা।।তাকে ইতিমধ্যে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। হাজারীবাগ থানার মামলা নং-২৪ তারিখ-২২/১১/১৬ খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে অস্ত্রের ভয় দেখিয়ে এবং ফাঁকা গুলি করে টাকা ভর্তি ব্যাগ ছিনতাইয়ের ঘটনা। জড়িত সন্দেহে ০২ জন আসামী গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) ঘটনার সহিত জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ দেয়া হয়।
(৩) মামলা তদন্তে সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগের সহায়তা গ্রহনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত), তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। খিলগাঁও থানার মামলা নং-২৯ তারিখ-১৫/১১/১৬ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) ও জোনাল এসি জানান যে, অত্র মামলাটি দোকানে ঢুকে পিস্তল ঠেকিয়ে নগদ টাকা ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০১জন আসামী গ্রেফতার হয়েছে ও তার হেফাযত হতে ২১,৫০০ টাকা উদ্ধার করা হয়েছে। জড়িত অন্যান্যদের নাম-ঠিকানা পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) ঘটনার সহিত জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ দেয়া হয় ।
(৩) আসামীর ব্যবহৃত অস্ত্রের লাইসেন্স বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-৩৯ তারিখ-২৯/১১/১৬ খ্রিঃ ধারা-৩৯৪/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত ০৩জন আসামী হাতে-নাতে গ্রেফতার হয়েছে ও তাদের হেফাযত হতে ৫৭০ টাকা উদ্ধার করা হয়েছে। ০৩ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। শাহবাগ থানার মামলা নং-২০ তাং-১২/১১/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৭৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে মালয়েশিয়ায় অপহরণ করে মুক্তিপণ দাবীর ঘটনা। ঘটনায় জড়িত ০২জন আসামী হাতে-নাতে গ্রেফতার হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) পলাতক আসামী গ্রেফতারপূর্বক মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। ধানমন্ডি থানার মামলা নং-১৯ তাং-২৮/১১/১৬খ্রিঃ ধারা-১৭০/৩৬৫/৩৭৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে মাইক্রোবাসে তুলে অপহরন ও অর্থ আদায়ের ঘটনা। মামলা তদন্তে উল্লেখযোগ্য অগ্রগতি নাই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ঘটনার সহিত জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ দেয়া হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। সূত্রাপুর থানার মামলা নং-১২ তাং-১৭/১১/১৬খ্রিঃ ধারা-১৪৩/৩৬৫/৩৮৪/৩৮৫/৩২৩/৫০৬/৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় ভিকটিমদ্বয়কে উদ্ধার করা হয় এবং ০৪ জন আসামী র‌্যাব কর্তৃক হাতেনাতে ধৃত হয়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। বংশাল থানার মামলা নং-২৬ তাং-২৩/১১/১৬খ্রিঃ ধারা-৩৪১/৩৪২/৩৬৫/৩৭৯/৩৮৫/৩৮৬/৩২৩/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় ভিকটিমকে উদ্ধার করা হয় এবং ০২ জন আসামী হাতেনাতে ধৃত হয়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। যাত্রাবাড়ী থানার মামলা নং-০৯ তাং-০৪/১১/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮০/৫০৬ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, এটি একটি কোর্ট পিটিশন মামলা। অত্র মামলার ঘটনাটি মিথ্যা ও সাজানো বলে প্রতীয়মান হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। যাত্রাবাড়ী থানার মামলা নং-২৪ তাং-০৯/১১/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬/৩৭৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমকে অপহরন করে বিকাশে টাকা আদায়ের ঘটনা। বিকাশের অর্থ লেন-দেনের সূত্র ধরে আসামীদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) পলাতক আসামী গ্রেফতারসহ অর্থ উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। কদমতলী থানার মামলা নং-২১ তাং-০৯/১১/১৬খ্রিঃ ধারা-৩৪২/৩৪৭/৩৬৪/৩২৩/৩২৪/৩২৫/৩০৭/৩৭৯/৩৮৫/৩৮৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, এটি একটি কোর্ট পিটিশন মামলা। অত্র মামলার ঘটনাটি মিথ্যা ও সাজানো বলে প্রতীয়মান হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। কদমতলী থানার মামলা নং-৬৫ তাং-২৮/১১/১৬খ্রিঃ ধারা-৩২৩/৩০৭/৩২৮/৩৬৫/৩৮৭/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, এটি একটি কোর্ট পিটিশন মামলা। অত্র মামলার ঘটনাটি মিথ্যা ও সাজানো বলে প্রতীয়মান হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন

২৭। খিলগাঁও থানার মামলা নং-৪৫ তাং-২৬/১১/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিমের কাছে বিভিন্নজন প্রায় ৪০ লক্ষ টাকা পায়। সিডিআর সূত্রে ভিকটিমের সর্বশেষ অবস্থান মিরপুরে দেখা যায়। ভিকটিম আত্মগোপনে থাকতে পারে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) প্রকৃত আসামী গ্রেফতারসহ ভিকটিমকে উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক(তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন

২৮। রুপনগর থানার মামলা নং-১২ তাং-১৭/১১/১৬খ্রিঃ ধারা-৩২৮/৩৬৫/৩৪৪/৩৮৬/১০৯/৩২৩/৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি পরিবারের সদস্যদের দ্বারা অপহরনের চেষ্টা ও নির্যাতনের ঘটনা। উভয়পক্ষ আপোষ করে বিজ্ঞ আদালতে মীমাংসাপত্র দাখিল করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। দারুসসালাম থানার মামলা নং-২৪ তাং-১৭/১১/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি প্রতারনামূলকভাবে অপহরনের ঘটনা। ০১ জন আসামীকে হাতে-নাতে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) প্রতারকচক্রকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-২৩ তাং-২০/১১/১৬খ্রিঃ ধারা-৩২৩/৩৪২/৩৬৫/৩৮৬/৩৮৫/৫০৬/৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি অপহরন করে মুক্তিপন দাবীর ঘটনা। এজাহারনামীয় ০৪জন আসামীকে হাতেনাতে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। মোহাম্মদপুর থানার মামলা নং-৭২ তাং-২৩/১১/১৬খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬/ ৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি অপহরন করে মুক্তিপন দাবীর ঘটনা। ৩০,০০০ টাকা উত্তোলনের সময় এজাহারনামীয় ০২ জন আসামীকে হাতেনাতে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। উত্তরা পূর্ব থানার মামলা নং-১৪ তারিখ-১৭/১১/১৬খ্রিঃ ধারা-৪০৬/৪২০/৩৬৫/৩২৮/৩২৩/৫০৬/৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি অপহরন করে মুক্তিপন দাবীর ঘটনা। র‌্যাবের সহযোগিতায় ভিকটিমকে উদ্ধার করা হয়েছে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। উত্তরা পশ্চিম থানার মামলা নং-১৫ তাং-১৪/১১/১৬খ্রিঃ ধারা-৩৬৪/৫০৬/৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে দক্ষিনখান থানার ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি অপহরন করে মুক্তিপন দাবীর ঘটনা। ভিকটিম উদ্ধার নাই। তদন্তকার্যে ভিকটিমের পরিবার সহায়তা করছে না।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) প্রকৃত আসামী গ্রেফতারসহ ভিকটিমকে উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। বেশিরভাগ মামলার রহস্যই উদঘাটিত হয়েছে। বিশেষ করে ডাকাতি মামলার অগ্রগতি নিয়ে প্রশংসা করা হয়। সভাপতি মহোদয় আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। তদন্তের ক্ষেত্রে জোনাল এসিদের মাঠে গিয়ে মামলার তদন্ত তদারকী করার নির্দেশ দেন। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করতে হবে। এ লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। বিট পুলিশিং ও কমিউনিটি পুলিশিং কার্যক্রম জোরদার করে জনগনের সাথে সম্পৃক্ত হয়ে জনমনে পুলিশ ভীতি কমিয়ে অপরাধ প্রতিরোধে তথ্য সংগ্রহ করতে হবে মর্মে নির্দেশ দেয়া হয়। রমনা/ লালবাগ/ মতিঝিল/ ওয়ারী/ মিরপুর/তেজগাঁও/ উত্তরা বিভাগে গত নভেম্বর/১৬খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি ও দস্যুতা মোট ৩৩ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ০৮টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্মারক নং-ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৬/অংশ-৪/ তারিখঃ -১২-২০১৬খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা ডিবি- উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/ধানমন্ডি/খিলগাঁও/সবুজবাগ/লালবাগ/চকবাজার/কোতয়ালী/ডেমরা/শ্যামপুর/দক্ষিণখান/ বিমানবন্দর/পল্লবী/তেজগাঁও/তেজগাঁও শিল্পাঞ্চল/ মোহাম্মদপুর) ডিএমপি, ঢাকা।
} অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা।
৭। অফিস নথি।
} অবগতির জন্য।

(কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd